উইকিপিডিয়া

মার্কসবাদ

মার্কসবাদ (আরো একটি বানান শৈলীঃ **মার্ক্সবাদ**) ঊনবিংশ শতাব্দীর দার্শনিক, অর্থনীতিবিদ, সাংবাদিক এবং বিপ্লবী কার্ল মার্কস ও ফ্রিডরিখ এঙ্গেলসের তত্ত্বের ওপর ভিত্তি করে গড়ে ওঠা রাজনৈতিক অনুশীলন ও সামাজিক তত্ত্ব। এই তত্ত্বে সামাজিক পরিবর্তনের দ্বান্দ্বিক ও ঐতিহাসিক বস্তুবাদী দৃষ্টিতে সামাজিক দ্বন্দ্ব ও শ্রেণি-সম্পর্ককে ভিত্তি করে সমাজ বিশ্লেষণের বিশ্বদর্শন ও প্রক্রিয়া বয়ান করা হয়েছে। মার্কসবাদী প্রক্রিয়াকে পদ্ধতিগত অর্থনৈতিক পরিবর্তনে শ্রেণিসংগ্রামের ভূমিকা এবং পুঁজিবাদের বিকাশের সমালোচনা ও বিশ্লেষণে অর্থনৈতিক ও সামজিক-রাজনৈতিক জিজ্ঞাসা ও প্রয়োগে ব্যবহার করা হয়।

প্রয়োগিক বিবেচনায় মার্কসবাদ হচ্ছে মালিক শ্রেণির তথা বুর্জোয়া শ্রেণির শোষণ, নির্যাতন, নিপীড়ন তথা মজুরি-দাসত্ব থেকে প্রলেতারিয়েতের বা শ্রমিক শ্রেণির মুক্তির মতবাদ। এটি হচ্ছে বৈজ্ঞানিক তত্ত্ব ও বৈপ্লবিক সাধনক্রিয়ার সামগ্রিক রূপ। ঊনিশ শতকের জার্মান দর্শন, ইংরেজি অর্থশাস্ত্র এবং ফরাসি সমাজতন্ত্র রূপে মানবজাতির যা শ্রেষ্ঠ সৃষ্টি মার্কসবাদ সে সবের বৈধ উত্তরাধিকার।[১] । হেগেলের দর্শন, অ্যাডাম স্মিথ, ডেভিড রিকার্ডোর অর্থনীতি তত্ত্ব এবং ঊনবিংশ শতাব্দীর ফরাসি সমাজতন্ত্রের সমন্বয়ে তিনি সমাজের সমালোচনা করেন যেটাকে তিনি বৈজ্ঞানিক ও বিপ্লবী দাবি করেন। *পুঁজি: রাজনৈতিক অর্থনীতির সমালোচনা'(ডাস কাপিটাল) বইয়ে তার চিন্তার সুসংগত বহিপ্রকাশ ঘটে।*

পরিচ্ছেদসমূহ

মার্কসবাদের মর্মার্থ

সার্বিক দেখা

ঐতিহাসিক ভিত্তি

ভিত্তি-উপরিকাঠামোর দ্বন্দ্ব

ধারণাসমূহ

ঐতিহাসিক বস্তুবাদ

তথ্যসূত্র

বিবলিওগ্রাফি

বহিঃসংযোগ

সাধারণ উৎসসমূহ

ভূমিকার প্রবন্ধসমূহ

মার্কসবাদী ওয়েবসাইটসমূহ

মার্কসবাদের মর্মার্থ

এমিল বার্ণসের মতে মার্কসবাদ হলো এই জগৎ, জীবন এবং তারই অংশ মানব সমাজ সম্পর্কে সাধারণ তত্ত্ব। এই তত্ত্ব মানুষের বাস্তব অভিজ্ঞতার বুনিয়াদের উপর প্রতিষ্ঠিত। যে সব অস্পষ্ট ধারণা এতদিন প্রচলিত ছিলো এবং এখনও আছে মার্কসীয় তত্ত্ব সে সবগুলির বিরোধী। মার্কসের তত্ত্ব তার সমসাময়িক সমাজের ক্ষেত্রে, অর্থাৎ পুঁজিবাদী সমাজের ক্ষেত্রে প্রযুক্ত হয়। মার্কসীয় রাজনীতি তত্ত্ব অর্থনীতি, ইতিহাস ও সামাজিক তত্ত্বের পটভূমিতেই বিবেচ্য। তত্ত্ব হিসেবে মার্কসবাদের কোনো শেষ সীমারেখা নেই; ইতিহাসের যত অগ্রগতি হয় এবং মানুষ অধিকতর পরিমাণে অভিজ্ঞতা অর্জন করতে থাকে ততই মার্কসবাদ সমৃদ্ধ হতে

থাকে।[২] মার্কসবাদী দর্শন কোন কঠোরভাবে সংজ্ঞায়িত দর্শনের উপশাখা নয়, কারণ এই দর্শন নানা বৈচিত্র্যপূর্ণ এলাকা যেমন নন্দনতত্ত্ব, নীতিবিদ্যা, সত্তাতত্ত্ব, তত্ত্বীয় মনোবিজ্ঞান, এবং বিজ্ঞানের দর্শনের তার প্রভাব বিস্তৃত করেছে। এছাড়া মার্কসবাদী দর্শন রাষ্ট্রদর্শন এবং ইতিহাসের দর্শনকে সুস্পষ্টভাবে প্রভাবিত করেছে। দর্শনের মার্কসবাদের চাবিকাঠি তার দ্বান্দ্বিক বস্তুবাদ এবং এটির সকল চিন্তার লক্ষ্য হচ্ছে রাজনৈতিক অনুশীলনের প্রতি দায়বদ্ধতা।[৩]

সার্বিক দেখা

একটি সমাজতান্ত্রিক সমাজের ভিত্তি হচ্ছে উৎপাদনের উপায়ের সামাজিক মালিকনা। সমাজতান্ত্রিক অর্থনীতিতে উৎপাদনের উদ্দেশ্য হচ্ছে ব্যক্তিগত মুনাফা তৈরি নয়, এর উদ্দেশ্য হচ্ছে সকল সদস্যদের বৈষয়িক ও আত্মিক সন্তুষ্টিকরণ।[৪] অর্থাৎ সমাজতন্ত্রে উৎপাদন হচ্ছে ব্যবহারের জন্য। যেমন এঙ্গেলস লক্ষ্য করেছেন: "উৎপন্ন দ্রব্য যেখানে প্রথমে উৎপাদককে ও পরে দখলকারীকে দাসত্ববন্ধনে বাঁধে, দখলের সেই পুঁজিবাদী পদ্ধতির জায়গায় তখন আসে দখলের এমন এক পদ্ধতি আধুনিক উৎপাদন-উপায়ের চরিত্র যার ভিত্তি; একদিকে উৎপাদন সচল ও সম্প্রসারণের উপায়স্বরূপ প্রত্যক্ষ সামাজিক দখল, এবং অন্যদিকে জীবিকা নির্বাহ ও উপভোগের উপায়স্বরূপ প্রত্যক্ষ ব্যক্তিগত দখল।"[৫]

ঐতিহাসিক ভিত্তি

রাষ্ট্রিক অর্থনীতিতে মার্কসবাদের পূর্বসূরি হলেন ইংরেজ অর্থনীতিবিদ অ্যাডাম স্মিথ এবং ডেভিড রিকার্ডো। তারা দেখান যে সমাজের সমস্ত সম্পদের মূল উৎস হলও শ্রম এবং তাতে করে বৈজ্ঞানিক অর্থনীতির ক্ষেত্র প্রস্তুত করেন। উনিশ শতকের মহান কল্পলৌকিক সমাজতন্ত্রী সাঁ সিমোঁ শার্ল ফুরিয়ে এবং রবার্ট ওয়েন পুঁজিবাদী ব্যবস্থার তীব্র সমালোচনা করেন এবং ভবিষ্যৎ সমাজের প্রধান প্রধান দিকের একটা ছবি দেন। তবে তা প্রতিষ্ঠার পথ দেখান কাল্পনিক পথে। জার্মান দর্শন, ব্রিটিশ অর্থনীতি এবং কল্পলৌকিক সমাজতন্ত্র রূপে মানবজাতির শ্রেষ্ঠ যা কিছু সৃষ্টি, তার বৈধ উত্তরাধিকারী হলও মার্কসবাদ। তবে মার্কস, এঙ্গেলস তাদের তাত্ত্বিক পূর্বসূরিদের ধারাবাহকই ছিলেন না, তারা বিচার করে সেগুলি ঢেলে সাজিয়েছেন, গড়ে তুলেছেন নতুন মতবাদ। তাদের মতবাদে প্রকাশ পায় সবচেয়ে প্রগতিশীল ও বৈপ্লবিক শ্রেণী, প্রলেতারিয়েতের মৌলিক স্বার্থ। মেহনতিদের সামাজিক মুক্তির ইতিহাসে তারা সত্যিকারের এক বিপ্লব ঘটান।[৬]

ভিত্তি-উপরিকাঠামোর দ্বন্দ্ব

মার্কসবাদের মতে উৎপাদন ব্যবস্থা বা অর্থনৈতিক ব্যবস্থা হলো ভিত্তি, আর ভিত্তির উপর নির্ভর করে গড়ে ওঠা সাংস্কৃতিক ব্যবস্থা হলো উপরিকাঠামো। মার্কসবাদী রাজনীতি অনুসারে, আগে ভিত্তি, পরে উপরিকাঠামো; আগে অর্থনীতি, পরে সংস্কৃতি। মানুষের জীবন চর্চার ক্ষেত্রে ভিত্তিটাই হলো প্রাথমিক বা মুখ্য উপাদান, আর উপরিকাঠামো হলো গৌণ বা কম গুরুত্বপূর্ণ উপাদান। অবশ্য এখানে উল্লেখ্য যে, ভিত্তি-উপরিকাঠামোর সম্পর্কটা যান্ত্রিক নয়, পরন্তু দ্বান্দ্বিক। অর্থাৎ ভিত্তি উপরিকাঠামোকে গড়ে তোলে, আবার উপরিকাঠামোও ভিত্তির উপর ক্রিয়া করে_এরা পরস্পরকে যুগপৎ দ্বান্দ্বিকভাবে প্রভাবিত করে। মার্কসীয় রাজনীতি ভিত্তি-উপরিকাঠামোকে এইরূপ দ্বান্দ্বিক সম্পর্কের জায়গা থেকে দেখে থাকে।[৭]

ধারণাসমূহ

ঐতিহাসিক বস্তুবাদ

> "সমাজ ব্যক্তিদের নিয়ে গঠিত নয়, কিন্তু আন্তঃসম্পর্কের যোগফলকে প্রকাশ করে, সেই সম্পর্কগুলোর ভেতরেই ব্যক্তিগণ দাঁড়ায়।"
>
> — Karl Marx, *Grundrisse*, 1858[৮]

ইতিহাসের ঐতিহাসিক বস্তুবাদী তত্ত্ব[৯] হচ্ছে সমাজব্যাখ্যার পদ্ধতি। মার্কসের কাছে সমাজের বৈপ্লবিক রূপান্তরের জন্যই সমাজের বৈজ্ঞানিক ব্যাখ্যার প্রয়োজন অনুভূত হয়।[১০]

মানুষের সাথে মানুষের সম্পর্কের ক্ষেত্রে দ্বান্দ্বিক বস্তুবাদের প্রয়োগকে ঐতিহাসিক বস্তুবাদ বলা যায়। সমাজবিজ্ঞানের বিভিন্ন শাখার অনুশীলন নয়, সমাজবিজ্ঞানের সাধারণ নিয়মগুলোর অনুশীলনই ঐতিহাসিক বস্তুবাদের কাজ। ঐতিহাসিক বস্তুবাদ সমাজের অতীত ও বর্তমান ঘটনাবলিকে সঠিকভাবে বুঝতে সাহায্য করবার সঙ্গে সঙ্গে শ্রমজীবী জনগণের স্বার্থে সমাজজীবনের রূপান্তর ঘটাতেও সাহায্য করে। এক কথায় সমাজকে সম্যক উপলব্ধিতে সাহায্য করে ঐতিহাসিক বস্তুবাদ।[১১]

তথ্যসূত্র

1. এম. আর. চৌধুরী সম্পাদিত; *আবশ্যকীয় শব্দ-পরিচয়*, প্রকাশক: হেলাল উদ্দীন, ঢাকা; এপ্রিল, ২০১২; পৃষ্ঠা-৪৯-৫০।
2. মো. আবদুল ওদুদ (দ্বিতীয় সংস্করণ, এপ্রিল ২০১৪)। *রাষ্ট্রদর্শন*। ঢাকা: মনন পাবলিকেশন। পৃষ্ঠা ৪৮২। আইএসবিএন 978-98-43300-90-4। এখানে তারিখের মান পরীক্ষা করুন: |তারিখ=, |সংগ্রহের-তারিখ= (সাহায্য);
3. অনুপ সাদি; *মার্কসবাদ*; ভাষাপ্রকাশ ঢাকা; পৃষ্ঠা-১৬।
4. অনুপ সাদি, *সমাজতন্ত্র*, ভাষাপ্রকাশ, ঢাকা, ফেব্রুয়ারি ২০১৫, পৃষ্ঠা ৪৮,৫২
5. ফ্রেডারিক এঙ্গেলস, *কল্পস্বর্গ ও বৈজ্ঞানিক সমাজতন্ত্র*, বিদেশি ভাষায় সাহিত্য প্রকাশালয়, মস্কো, তারিখহীন, পৃষ্ঠা-৭৩
6. ভ. বুজুয়েভ ও ভ. গরোদনভ, *মার্কসবাদ-লেনিনবাদ* প্রগতি প্রকাশন, মস্কো, ১৯৮৮, পৃষ্ঠা-৩৬-৩৭।
7. সুজিত সেন, মার্কসবাদ তাত্ত্বিক রূপরেখা, মিত্রম, কলকাতা, প্রথম প্রকাশ জুন, ২০০৯, পৃষ্ঠা ১০, ISBN 978-93-80036-007.
8. *Grundrisse: Foundations of the Critique of Political Economy, by Karl Marx & Martin Nicolaus,* Penguin Classics*, 1993,* *ISBN 0-14-044575-7*, *pg 265*
9. Evans, p. 53; Marx's account of the theory is the Preface to *A Contribution to the Critique of Political Economy* (1859). [১] (https://www.marxists.org/archive/marx/works/1859/critique-pol-economy/index.htm). Another exposition of the theory is in *The German Ideology*. It, too, is available online from marxists.org (https://www.marxists.org/archive/marx/works/1845/german-ideology).
10. শোভনলাল দত্তগুপ্ত ও উৎপল ঘোষ, *মার্কসীয় সমাজতত্ত্ব* পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ, কলকাতা, তৃতীয় মুদ্রণ, জুন ২০১৪, পৃষ্ঠা ৩৯।
11. সাদি, অনুপ (ফেব্রুয়ারি ২০১৭)। *মার্কসবাদ* (২ সংস্করণ)। ঢাকা: ভাষাপ্রকাশ। পৃষ্ঠা ৪৫-৪৬। আইএসবিএন 978-984-91945-5-2।

বিবলিওগ্রাফি

- {{cite book |title=My Life: A Spoken Autobiography|last=Castro, Fidel
- Coltman, Leycester (২০০৩)। *The Real Fidel Castro*। New Haven and London: Yale University Press। আইএসবিএন 978-0-300-10760-9।
- Green, Sally (১৯৮১)। *Prehistorian: A Biography of V. Gordon Childe*। Bradford-on-Avon, Wiltshire: Moonraker Press। আইএসবিএন 0-239-00206-7।
- Lenin, Vladimir (1967 [1913])। *Karl Marx: A Brief Biographical Sketch with an Exposition of Marxism*। Peking: Foreign Languages Press। এখানে তারিখের মান পরীক্ষা করুন: |তারিখ= (সাহায্য) Available online at here [২] (https://www.marxists.org/archive/lenin/works/1914/granat/index.htm)
- Marx, Karl (১৮৪৯)। *Wage Labour and Capital*। Germany: Neue Rheinische Zeitung। Available online here [৩] (https://www.marxists.org/archive/marx/works/1847/wage-labour/index.htm)
- Trigger, Bruce G. (২০০৭)। *A History of Archaeological Thought* (Second Edition)। New York: Cambridge University Press। আইএসবিএন 978-0-521-60049-1।
- Avineri, Shlomo (১৯৬৮)। *The Social and Political Thought of Karl Marx*। Cambridge University Press।
- Dahrendorf, Ralf (১৯৫৯)। *Class and Class Conflict in Industrial Society*। Stanford, CA: Stanford University Press।
- Jon Elster, *An Introduction to Karl Marx*. Cambridge, England, 1986.
- Michael Evans, *Karl Marx*. London, 1975.

- Kołakowski, Leszek (১৯৭৬)। *Main Currents of Marxism*। Oxford University Press।
- Parkes, Henry Bamford (১৯৩৯)। *Marxism: An Autopsy*। Boston: Houghton Mifflin।
- Prychitko, David L. (২০০৮)। "Marxism" (http://www.econlib.org/library/Enc/Marxism.html)। David R. Henderson (ed.)। *Concise Encyclopedia of Economics* (2nd সংস্করণ)। Library of Economics and Liberty। আইএসবিএন 978-0865976658। ওসিএলসি 237794267 (https://www.worldcat.org/oclc/237794267)।
- Robinson, Cedric J.: *Black Marxism: The Making of the Black Radical Tradition*, 1983, Reissue: Univ North Carolina Press, 2000
- Rummel, R.J. (1977) *Conflict In Perspective (http://www.hawaii.edu/powerkills/NOTE12.HTM)* Chap. 5 *Marxism, Class Conflict, and the Conflict Helix (http://www.hawaii.edu/powerkills/CIP.CHAP5.HTM)*
- McLellan, David (২০০৭)। *Marxism After Marx*। Basingstoke: Palgrave Macmillan।

বহিঃসংযোগ

সাধারণ উৎসসমূহ

- Marxists Internet Archive (https://www.marxists.org/) (MIA)
- Marxmail.org (http://www.marxmail.org/)
- Marx Myths & Legends (https://web.archive.org/web/20140427181835/http://marxmyths.org/)
- Marxism Page (http://www.anu.edu.au/polsci/marx/)
- London Philosophy Study Guide on Marxism (http://www.ucl.ac.uk/philosophy/LPSG/Marx.htm) (offers many suggestions on what to read, depending on the student's familiarity with the subject)

ভূমিকার প্রবন্ধসমূহ

- History of Economic Thought: Marxian School (https://web.archive.org/web/20120616003216/http://homepage.newschool.edu/~het/schools/marxian.htm)
- History of Economic Thought: Neo Marxian (https://web.archive.org/web/20120620161730/http://homepage.newschool.edu/~het/schools/neomarx.htm)
- The basic principles of Marxism - Critique Sociale (http://libcom.org/library/basic-principles-marxism-critique-sociale)

মার্কসবাদী ওয়েবসাইটসমূহ

- MRZine (http://www.mrzine.org/) a project of the Monthly Review Foundation
- World Socialist Web Site (http://wsws.org/)
- In Defence of Marxism (http://www.marxist.com/) website of the International Marxist Tendency
- International Socialism (http://www.isj.org.uk/) a journal of Marxist theory linked to the International Socialist Tendency
- KarlMarx.net (http://www.karlmarx.net/) Marxist website of news and analysis.
- League for the Fifth International (http://www.fifthinternational.org/) Website the League for the Fifth International

- Rethinking Marxism (http://www.rethinkingmarxism.org/) a journal of economics, society, and culture
- Socialist Project (http://www.socialistproject.ca/) issues, events, theory, and debate
- Solidarity Economy (http://www.solidarityeconomy.net/) Marxist theory, analysis, and debate
- World Socialist Movement (https://web.archive.org/web/20140625004236/http://www.worldsocialism.org/)

'https://bn.wikipedia.org/w/index.php?title=মার্কসবাদ&oldid=4121783' থেকে আনীত

এ পৃষ্ঠায় শেষ পরিবর্তন হয়েছিল ১১:৩৮টার সময়, ৩ এপ্রিল ২০২০ তারিখে।

লেখাগুলো ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন/শেয়ার-আলাইক লাইসেন্সের আওতাভুক্ত; এর সাথে বাড়তি শর্ত প্রযোজ্য হতে পারে। এই সাইট ব্যবহার করার মাধ্যমে, আপনি এটি ব্যবহারের শর্তাবলী ও এর গোপনীয়তা নীতির সাথে সম্মত হচ্ছেন। উইকিপিডিয়া®, অলাভজনক সংস্থা উইকিমিডিয়া ফাউন্ডেশনের একটি নিবন্ধিত ট্রেডমার্ক।